গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন
ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
সংসদ ও সমন্বয় শাখা
www.probashi.gov.bd

নং- ৪৯.০০.০০০০.০১৬.০৬.০১৯.২৪.৬৪৭

তারিখ: ১৪ ভাদ্র, ১৪৩১ বঙ্গাব্দ / ২৯ আগস্ট, ২০২৪ খ্রিষ্টাব্দ

**বিষয়: ২৪-০৮-২০২৪ তারিখে মাননীয় উপদেষ্টার সাথে এ মন্ত্রণালয় ও অধীনস্ত দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ।**

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাননীয় উপদেষ্টার সাথে এ মন্ত্রণালয় ও অধীনস্ত দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে গত ২৪-০৮-২০২৪ খ্রি. তারিখে অনুষ্ঠিত সভায় গৃহীত সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন জরুরি ভিত্তিতে সংসদ ও সমন্বয় শাখায় প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: সভার কার্যবিবরণী।

২৯/০৮/২৪

(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব
ফোন: ০২-৪১০৩০২৪৯
dsparliament@probashi.gov.bd

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা , ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা , ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯. সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১. সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় জ্ঞাতার্থে)।
০২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
০৪। অফিস কপি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়
প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা, ঢাকা
প্রশাসন অধিশাখা
www.probashi.gov.bd

**প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়ের মাননীয় উপদেষ্টা ড. আসিফ নজরুল-এঁর সাথে এ মন্ত্রণালয় ও অধীনস্ত দপ্তর/সংস্থার কর্মকর্তাদের অংশগ্রহণে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:**

| | | |
|---|---|---|
| সভাপতি | : | ড. আসিফ নজরুল<br>মাননীয় উপদেষ্টা<br>প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়। |
| স্থান | : | মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ |
| তারিখ | : | ২৪ আগস্ট ২০২৪। |
| সময় | : | সকাল ১০.০০ ঘটিকা |

০২। সভায় উপস্থিত কর্মকর্তাগণের হাজিরা পরিশিষ্ট 'ক'।

০৩। সভার শুরুতে অংশগ্রহণকারী সকল কর্মকর্তাকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। গত ১৯ আগস্ট, ২০২৪ তারিখে অনুষ্ঠিত সভার কার্যবিবরণী নিশ্চিতকরণের জন্য সভায় উপস্থাপন করা হলে কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে নিশ্চিতকরণ করা হয়। বিগত সভার সিদ্ধান্তের আলোকে বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণ, প্রবাসী কর্মীদের সুরক্ষা ও কল্যাণ নিশ্চিতকরণ এবং এ সংশ্লিষ্ট নীতিমালা/বিধিমালা প্রণয়ণে অগ্রাধিকার ভিত্তিতে করণীয় প্রস্তাবনা সম্পর্কে সভায় আলোচনা করা হয়। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | সিদ্ধান্তসমূহ | বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ১. | অভিবাসী কর্মীদের সুরক্ষা ও কল্যাণ | হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দরের নতুন টার্মিনালে প্রবাসী কর্মীদের জন্য পৃথক লাউঞ্জ/নির্দিষ্ট জায়গার ব্যবস্থা করার জন্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | (ক) মিশন ও কল্যাণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড |
| | | মধ্যপ্রাচ্যে গমনেচ্ছু কর্মীদের সুবিধার্থে বিমানবন্দরে আলাদা ইমিগ্রেশন বুথ স্থাপন করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে অনুরোধ করতে হবে। | |
| | | গন্তব্য দেশে যাওয়া/আসার সময় প্রবাসী কর্মীদের সাময়িক আবাসন সুবিধার প্রয়োজনে যাতে হজ্বক্যাম্পে অবস্থান করতে পারে সে বিষয়ে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সাথে চুক্তি/সমঝোতা স্মারক সম্পাদন করার কার্যক্রম গ্রহণ করতে হবে। | |
| | | প্রবাসীদের কল্যাণে সরকার কর্তৃক গৃহীত বিভিন্ন কার্যক্রম ও সুযোগ-সুবিধা সংক্রান্ত লিফলেট তৈরি করে তাদের মাঝে প্রচার করতে হবে। | |
| ২. | অভিবাসনে সুশাসন | মন্ত্রণালয় কর্তৃক রিক্রুটিং এজেন্সির লাইসেন্স সংক্রান্ত সিদ্ধান্তের বিরুদ্ধে আপীলের সময়সীমা ১৫ (পনেরো) কার্যদিবস নির্ধারণ করে বিধিমালা সংশোধন করতে হবে এবং বৈদেশিক কর্মসংস্থান ও অভিবাসী (সংশোধন) আইন, ২০২৩ এর আলোকে বিধিমালা প্রণয়ন চূড়ান্ত করতে হবে। | (ক) গবেষণা ও নীতি অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | কার্যকর ও জনবান্ধব অভিবাসন ব্যবস্থাপনার লক্ষ্যে একটি অনলাইনভিত্তিক Expatriate Employment Platform পরিকল্পনা অনুযায়ী দ্রুত বাস্তবায়ন করতে হবে। এ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের জন্য ইতোমধ্যে গৃহীত পদক্ষেপ আগামী সপ্তাহে মাননীয় উপদেষ্টার নিকট উপস্থাপন করতে হবে। | (ক) মিশন ও কল্যাণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |

| | | | |
|---|---|---|---|
| | | ডেটাবেজে প্রবাসী কর্মীদের পেশাভিত্তিক সাব-ক্যাটাগরিতে বিভক্ত তথ্য সন্নিবেশকরত: স্টেকহোল্ডারদের ব্যবহার উপযোগী করতে হবে। | জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি) |
| ৩. | শ্রম বাজার গবেষণা ও সম্প্রসারণ | কর্মী গমনের হার ও শ্রমবাজারের গুরুত্ব বিবেচনায় বিদেশে অবস্থিত বিদ্যমান শ্রম উইংসমূহ এক দেশ হতে অন্য দেশে স্থানান্তর/পুনর্বিন্যাসকরণের সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়ন করে দ্রুত সিদ্ধান্তের জন্য উপস্থাপন করতে হবে। শ্রম উইংসমূহে পদায়নের নিমিত্ত কর্মকর্তা-কর্মচারী নির্বাচনের চলমান প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | মিশন ও কল্যাণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | যেসকল দেশে বাংলাদেশের শ্রম কল্যাণ উইং বা দূতাবাস নেই সে সকল দেশে অনারারি কনসাল কর্তৃক কর্মীর চাহিদাপত্রসহ অন্যান্য কাগজপত্র পরীক্ষাপূর্বক যথাযথ প্রাপ্তিসাপেক্ষে সত্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য পররাষ্ট্র মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। | (ক) কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) মিশন ও কল্যাণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | বৈদেশিক কর্মসংস্থানের লক্ষ্যে শ্রমবাজার সম্প্রসারণে প্রতিবন্ধকতা এবং প্রতিবন্ধকতা দূরিকরণে করণীয় বিষয়ে সুনির্দিষ্ট প্রস্তাব প্রণয়ন করতে হবে। এ বিষয়ে বাংলাদেশ দূতাবাস/হাইকমিশনে নিযুক্ত মান্যবর রাষ্ট্রদূত/হাইকমিশনারদের সদয় মতামত গ্রহণ করতে হবে। | (ক) গবেষণা ও নীতি অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| | | মধ্যপ্রাচ্যে নার্স, ড্রাইভারসহ অন্যান্য সম্ভাবনাময় পেশায় উপযুক্ত প্রশিক্ষণসহ দক্ষকর্মী প্রেরণের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | (ক) প্রশিক্ষণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(গ) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)<br>(ঘ) বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল) |
| ৪. | প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধি | বৈদেশিক কর্মসংস্থান ও নিরাপদ অভিবাসনের লক্ষ্যে বাংলাদেশ ওভারসীজ এমপ্লয়মেন্ট এন্ড সার্ভিসেস লিঃ (বোয়েসেল) এর কার্যক্রম প্রাথমিকভাবে ০৮ টি বিভাগে দ্রুত চালু করতে হবে। এক্ষেত্রে, জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিসের বিদ্যমান জনবলের মাধ্যমে কার্যক্রম পরিচালনা করতে হবে। জেলা পর্যায়ে ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড এবং বোয়েসেল এর কার্যক্রম দেখভাল করার জন্য জেলা কর্মসংস্থান ও জনশক্তি অফিস এর কার্যপরিধি পুনর্বিন্যাস করতে হবে। | (ক) জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো (বিএমইটি)<br>(খ) ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড<br>(গ) বোয়েসেল |
| | | প্রবাসী কল্যাণ ব্যাংকের সেবা সম্প্রসারণের লক্ষ্যে বিদ্যমান শাখাসমূহের গুরুত্ব/কার্যকারিতা বিবেচনায় প্রবাসী প্রবণ উপজেলায় পুনর্বিন্যাস/স্থানান্তরের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। এছাড়া, অন্য কোন ব্যাংকের শাখায় প্রবাসী কল্যাণ ব্যাংকের ডেস্ক স্থাপনের মাধ্যমে সেবা প্রদানের প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করতে হবে। | প্রবাসী কল্যাণ ব্যাংক |
| ৫. | মালয়েশিয়ার শ্রমবাজার পুন:চালুকরণ | মালয়েশিয়ার শ্রমবাজার নিয়ে সৃষ্ট পরিস্থিতি ও পুন:চালুকরার করণীয় বিষয়ে পৃথক উপস্থাপনা করতে হবে। | (ক) কর্মসংস্থান অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়<br>(খ) মনিটরিং এন্ড এনফোর্সমেন্ট অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও |

| | | | |
|---|---|---|---|
| | | | বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |
| ৬. | বিবিধ | জাতীয় প্রবাসী দিবস ২০২৪ ও আন্তর্জাতিক অভিবাসী দিবস ২০২৪ একই দিনে অর্থাৎ ১৮ ডিসেম্বর এ উদযাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে। এ লক্ষ্যে স্মরণিকা প্রকাশের প্রয়োজন নেই এবং অনুষ্ঠানসূচী পুন:বিন্যাস করতে হবে। উক্ত দিবস উদযাপন উপলক্ষ্যে বাণিজ্যিক গুরুত্বপূর্ণ ব্যক্তি (অনিবাসী বাংলাদেশি) নির্বাচন প্রক্রিয়া সম্পন্ন করতে হবে। | (ক) প্রশাসন ও অর্থ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (খ) মিশন ও কল্যাণ অনুবিভাগ, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় |

০৪। গৃহীত সিদ্ধান্তসমূহ অবিলম্বে বাস্তবায়নের জন্য সংশ্লিষ্টদের নির্দেশ প্রদান করা হয়।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সদস্যদের ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

স্বাক্ষরিত
(ড. আসিফ নজরুল)
মাননীয় উপদেষ্টা

স্মারক নং-৪৯.০০.০০০০.০১৫.৩৩.০৪৬.২৪.৩৪২ তারিখ: ২৭ আগস্ট ২০২৪।

বিতরণ: সদয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মহাপরিচালক (গ্রেড-১), জনশক্তি, কর্মসংস্থান ও প্রশিক্ষণ ব্যুরো, কাকরাইল, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৩. মহাপরিচালক, ওয়েজ আর্নার্স কল্যাণ বোর্ড, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা , ঢাকা।
৪. ব্যবস্থাপনা পরিচালক, বোয়েসেল, প্রবাসী কল্যাণ ভবন, ইস্কাটন গার্ডেন, রমনা , ঢাকা।
৫. ব্যবস্থাপনা পরিচালক, প্রবাসী কল্যাণ ব্যাংক, ঢাকা।
৬. যুগ্মসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৭. উপসচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৮. সিনিয়র সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
৯. সহকারী সচিব (সকল), প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১০. প্রোগ্রামার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।
১১. সহকারী প্রোগ্রামার/হিসাবরক্ষণ কর্মকর্তা/সহকারী মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

০১। মাননীয় উপদেষ্টার একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (মাননীয় উপদেষ্টার সদয় জ্ঞাতার্থে)।
০২। সচিবের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
০৩। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর ব্যক্তিগত কর্মকর্তা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয় (অতিরিক্ত সচিব মহোদয়ের সদয় জ্ঞাতার্থে)।
০৪। অফিস কপি।

২৭/০৮/২৪
(শিমুল কুমার সাহা)
সিনিয়র সহকারী সচিব